# হাদীস সম্ভার

## হাদিস নাম্বারঃ ৩০৯৯

২৭/ আদব

পরিচ্ছেদঃ নিজের সামনে এক ধার থেকে ডান হাতে আহার করা

---

### আরবী

وَعَن سَلَمَةَ بنِ الأَكْوَعِ أنَّ رَجُلاً أَكَلَ عِنْدَ رَسُولِ اللهِ ﷺ بِشِمَالِهِ فَقَالَ كُلْ بِيَمِينِكَ قَالَ : لاَ أَسْتَطِيعُ قَالَ لاَ اسْتَطَعْتَ مَا مَنَعَهُ إِلاَّ الكِبْرُ فَمَا رَفَعَهَا إِلَى فِيهِ رواه مسلم

### বাংলা

(৩০৯৯) সালামা ইবনে আকওয়া (রাঃ) হতে বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর নিকটে একটি লোক তার বাম হাত দ্বারা আহার করল। (এ দেখে) তিনি বললেন, ’’তুমি ডান হাত দ্বারা খাও।’’ সে বলল, ’আমি পারবো না!’ তিনি বদ্দুআ দিয়ে বললেন, ’’তুমি যেন না পারো।’’ ওর অহংকারই ওকে (কথা মানতে) বাধা দিয়েছিল। সুতরাং তারপর থেকে সে আর তার হাত মুখে তুলতে পারেনি।

### ফুটনোট

(মুসলিম ৫৩৮৭)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী  বর্ণনাকারীঃ সালামাহ ইবনু আক্‌ওয়া‘ (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=66847

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন